হইয়া দ্বেষ এবং ভয় হইতে উত্থিত যে কুমুরে পোকাতে আবেশ, তাহাতে অনবরত সেই কুমুরে-পোকাটিকে স্মরণ করিতে করিতে সেই কুমুরে পোকার স্বরূপ অর্থাৎ তাহার সমানরূপ প্রাপ্ত হয়। এমতই যিনি মায়াতে প্রাকৃত মনুষ্যের মত প্রতীয়মান হন, বস্তুত কিন্তু স্বরূপে নরাকৃতি পরংব্রহ্ম। এস্থানে 'মায়া' শব্দের অর্থ 'দয়া' অর্থাৎ তিনি যদ্যপি বিভুচৈতন্য, তথাপি ভক্তের প্রতি কৃপা করিয়া প্রাকৃত মনুষ্যের মত প্রতীয়মান হন। যেহেতু পরিচ্ছিন্ন ভক্তিমান জীবের নিকটে অপরিচ্ছিন্নরূপে আবির্ভূত হইলে, ভক্ত গ্রহণ করিতে অসমর্থ বলিয়া পরিচ্ছিন্ন রূপই প্রকাশ করিয়া থাকেন। এই অভিপ্রায়েই 'মায়াতে মনুষ্য'—এইরূপ উল্লেখ করা হইয়াছে। এখানে একটি প্রশ্ন উপস্থিত হইতে পারে যে—আরসোলা পোকা যে কুমুরে পোকাকে দ্বেষ করে, তাহাতে তাহার পাপ হয় না ; কিন্তু শ্রীকৃষ্ণকে দ্বেষ করিলে পাপ হয়। এই আশঙ্কায় বলিতেছেন—"বৈরভাবে যে অনবরত শ্রীকৃষ্ণচিন্তা অর্থাৎ শ্রীকৃষ্ণেতে আবেশ, সেই আবেশের প্রভাবে পাপ ধৌত হইয়া থাকে। কারণ ভগবৎধ্যানজনিত আবেশের এইপ্রকারই সামর্থ্য। এ কথাও বলা চলে না যে—শাস্ত্রবিহিত ভগবদ্ধর্ম্মেই সিদ্ধিলাভ হইবে। কিন্তু শাস্ত্র অবিহিত কামাদির দ্বারা সিদ্ধি হইতে পারে না—এ কথা ঠিক নয়। যেহেতু কামাদ্দ্বেষাদ্ভয়াৎ স্নেহাৎ যথা ভক্ত্যেশ্বরে মনঃ। আবেশ্যতদঘং হিত্বা বহবস্তদগতিং গতাঃ ॥ ৩২০ ॥

যথাবিহিতয়া ভক্ত্যা ঈশ্বরে মন আবেশ্য তদগতিং গচ্ছন্তি তথৈবাবিহিতেনাপিকামাদিনা বহবো গতা ইত্যর্থঃ। তদঘং তেষু কামাদিষু মধ্যে যৎদ্বেষভয়য়োরঘং ভবতি তদ্ধিত্বৈব। ভয়স্যাপি দ্বেষসম্বলিতত্বাদঘোৎপাদকত্বং জ্ঞেয়ম্। অত্র কেচিৎ কামমপ্যঘং মন্যন্তে। তত্রেদং বিচার্যতে। ভগবতি কাম এব কেবলঃ পাপাবহঃ কিংবা পতিভাবযুক্তঃ অথবা উপপতিভাবযুক্ত ইতি। স এব কেবল ইতি চেৎ স কিং দ্বেষাদিগণপাতিত্বাৎ তদ্বৎ স্বরূপেণৈব বা পরমশুদ্ধে ভগবতি যদধরপানাদিকং যচ্চ কামুকত্বাদ্যারোপণং তেনাতিক্রমেণ বা পাপশ্রবণেন বা। নাদ্যেন। "উক্তং পুরস্তাদেতত্তে চৈদ্যঃ সিদ্ধিং যথা গতঃ। দ্বিষন্নপি হৃষীকেশং কিমুতাধোক্ষজপ্রিয়া" ইত্যত্র দ্বেষাদের্ন্যক্কৃতত্বাৎ অস্যাতু স্তুতত্বাৎ। অতশ্চ প্রিয়া ইতি স্নেহবৎ কামস্যাপি প্রীত্যাত্মকত্বেন তদ্বদেব ন দোষঃ। তাদৃশীনাং কামো হি প্রেমৈকরূপঃ। যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু ভীতাঃ শনৈঃ প্রিয় দধিমহি কর্কশেষিত্যাদাবতিক্রম্যাপি স্বসুখং তদানুকুল্য এব তাৎপর্য্যদর্শনাৎ সৈরিন্ধ্যাস্তু ভাবো রিরংসাপ্রায়ত্বেন শ্রীগোপীনামিব কেবলতত্তাৎপর্য্যাভাবাত্তদপেক্ষয়ৈব নিন্দ্যতে ন তু স্বরূপতঃ। সানঙ্গতপ্তকুচয়োরিত্যাদৌ অনন্তচরণেন রুজো মৃজন্তীতি পরিরভ্য কান্তমানন্দমূর্ত্তিমিতি কার্য্যদ্বারা তৎস্তুতেঃ। তত্রাপি সহোষ্যতামিহ প্রেষ্ঠেত্যত্র প্রীত্যভিব্যক্তেশ্চ। অতএব সৈবং কৈবল্যনাথং তং প্রাপ্য দুষ্প্রাপমীশ্বরম্। অঙ্গরাগার্পণেনাহো দুর্ভগেদমযাচতেতি। দুরারাধ্যং সমারাধ্য